

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৮৩/২০১৬

অভিযোগকারী : জনাব এস.এম আবুল কালাম আজাদ
পিতা- মৃত আঃ শকুর
বর্তমান ঠিকানা- সাং-ইসলামপুর, ১১নং ওয়ার্ড
ঠাকুরগাঁও পৌরসভা
উপজেলা ও জেলা-ঠাকুরগাঁও।

প্রতিপক্ষ : জনাব মোঃ হাফিজুর রহমান
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
ঠাকুরগাঁও।

সিদ্ধান্তপত্র

(তারিখ : ০৯-০৫-২০১৬ ইং)

অভিযোগকারী ০৯-০২-২০১৬ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব মোঃ হাফিজুর রহমান, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), ঠাকুরগাঁও বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

গত ইরি-বোরো মৌসুম ২০১৫ ও বর্তমান আমন মৌসুম ২০১৬ সালের ঠাকুরগাঁও উপজেলা ও পীরগঞ্জ উপজেলার মোট কতটি হাক্কিং মিল, রাবার সোলার রাইস মিল ও অটো রাইস মিলের সাথে চুক্তি বন্ধ করা হয়েছে। মিলের নাম, মালিকের নাম, মিলের ঠিকানা, চুক্তিকৃত বরাদ্দের পরিমাণ, পৃথকভাবে প্রতিটি মিলের পাক্ষিক ছাটাই ক্ষমতা, লাইসেন্স নাম্বার, বিদ্যুৎ সংযোগের হিসাব নাম্বার, বিদ্যুতের লোড ক্ষমতা কিলোওয়াট অনুযায়ী, সমন্বিত হাক্কিং মিল, রাবার সোলার রাইস মিল ও অটো রাইস মিলের নামের তালিকা। ইরি-বোরো মৌসুম ২০১৫ ও বর্তমান আমন মৌসুম ২০১৬ সালের তালিকা পৃথক ভাবে দিতে হবে।

- ২। তথ্য প্রাপ্তির আবেদনপত্রটি উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ঠাকুরগাঁও কার্যালয় থেকে জনাব মোঃ হাফিজুর রহমান, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), ঠাকুরগাঁও গ্রহণ না করে ফেরত প্রদান করলে অভিযোগকারী আপীল আবেদন না করেই ১৪-০৩-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।
- ৩। ১০-০৪-২০১৬ তারিখের সভায় অভিযোগটি শুনানীর জন্য গ্রহণ করে ০৯-০৫-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।
- ৪। শুনানীতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে রেজিস্ট্রি ডাকযোগে আবেদন করেন। কিন্তু দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অভিযোগকারীর তথ্য প্রাপ্তির আবেদনপত্রটি গ্রহণ না করায় সংশ্লিষ্ট হয়ে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার শাস্তি দাবী করেন।
- ৫। প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ সম্পর্কে সঠিক ধারণা ছিল না বিধায় তথ্য প্রাপ্তির আবেদনপত্রটি গ্রহণ না করায় অভিযোগকারীকে যথাসময়ে তথ্য সরবরাহ করতে পারেন নি। অভিযোগকারীর চাহিত তথ্যাদি জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঠাকুরগাঁও থেকে সংগ্রহ করে অভিযোগকারীকে সরবরাহ করা হবে মর্মে তিনি কমিশনকে অবহিত করেন। এজন্য তিনি কমিশনের নিকট সময় প্রার্থনা করেন এবং অত্র অভিযোগ থেকে অব্যাহতি চেয়ে তিনি কমিশনের নিকট প্রার্থনা করেন।

পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর চাহিত তথ্যাদি সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করায় তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে এই সিদ্ধান্ত প্রাপ্তির পরবর্তী ১৫ দিনের মধ্যে অভিযোগকারীকে তার প্রার্থিত পূর্ণাঙ্গ তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য জনাব মোঃ হাফিজুর রহমান, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), ঠাকুরগাঁও কে নির্দেশনা দেয়া হলো এবং তথ্যের মূল্য নির্ধারণ করে অভিযোগকারীকে মূল্য পরিশোধের জন্য ৫ কার্যদিবস সময় দিয়ে পত্র দেওয়ার জন্য নির্দেশনা দেওয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)
প্রধান তথ্য কমিশনার

[বে.স]